



# বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)



## শোকবার্তা

আমরা অত্যন্ত দুঃখের সাথে জানাচ্ছি যে, একাত্তরের কণ্ঠযোদ্ধা ও গণসংগীত শিল্পী জনাব ফকির আলমগীর গত শুক্রবার রাত ১০.৫৬ মিনিটে রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর এই অকাল মৃত্যুতে ব্লাস্ট পরিবার গভীরভাবে শোকাহত।

জনাব ফকির আলমগীর একাত্তরের মহান মুক্তিযুদ্ধের সময় তিনি স্বাধীনবাংলা বেতার কেন্দ্রের শিল্পী ছিলেন। তিনি ষাটের দশক থেকেই গণসংগীত করে আসছিলেন। ক্রান্তি শিল্পী গোষ্ঠী ও গণশিল্পী গোষ্ঠীর সদস্য হিসেবে ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানে অসামান্য ভূমিকা রাখেন।

দেশ স্বাধীনের পর তার গান তরুণ প্রজন্মের মাঝে দেশপ্রেমের নবজাগরণ ও মুক্তিযুদ্ধের চেতনা বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

তিনি সাংস্কৃতিক সংগঠন ঋষিজ শিল্পীগোষ্ঠীর প্রতিষ্ঠাতা। এ ছাড়াও বাংলাদেশ গণসংগীত সমন্বয় পরিষদের সভাপতি, সম্মিলিত সাংস্কৃতিক জোটের সহসভাপতি, জনসংযোগ সমিতির সদস্যসহ বেশ কিছু গুরুত্বপূর্ণ সাংস্কৃতিক সংগঠনের দায়িত্ব পালন করেছেন। সংগীতে গুরুত্বপূর্ণ অবদানের জন্য সরকার ১৯৯৯ সালে ফকির আলমগীরকে একুশে পদক দেয়।

আমরা বরণ্য এই গণসংগীত শিল্পীর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি এবং শোকসন্তপ্ত পরিবারকে আন্তরিক সমবেদনা জানাচ্ছি।

ব্লাস্ট পরিবারের পক্ষ থেকে

মোঃ নিজামুল হক

বিচারপতি মোঃ নিজামুল হক

বিচারপতি (অবসরপ্রাপ্ত), আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট এবং

মুখ্য আইন উপদেষ্টা, ব্লাস্ট